

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৬/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল হাকিম

পিতা-মরহুম মমিনউদ্দিন হাওলাদার  
গ্রাম-বালিয়ারকাঠা  
ডাক-চাখার, উপজেলা-বানারীপাড়া  
জেলা-বরিশাল।

প্রতিপক্ষ : মোমেনা খাতুন

উপ-সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হাকিম ১৫-১২-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মোমেনা খাতুন বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- মাননীয় তথ্য কমিশনের ১৬-০৪-২০১৩ তারিখের প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে আপনি আমাকে ১৫-০৫-২০১৩ তারিখের পূর্বে প্রার্থিত তথ্য প্রদান না করায়, আমি আপনার নিকট ০৪-০৬-২০১৩ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে রেজিস্ট্রি রশিদ নং- ৭৯২ দ্বারা পুনরায় আমাকে আমার প্রার্থিত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা সত্ত্বেও আমাকে তথ্য প্রদান না করিয়া, তথ্য অধিকার আইনের ৯ ধারার বিধান লংঘন করায় আমি ইহার বিরুদ্ধে প্রতিকার চাহিয়া আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় প্রধান তথ্য কমিশনার মহোদয়ের বরাবরে ১০-০৭-২০১৩ তারিখে অভিযোগ দায়ের করি। অভিযোগ নং ৬৭/২০১৩। আমি উক্ত অভিযোগের শুনানীর সমন ২২-০৯-২০১৩ তারিখে বিকাল অনুমান ৩ টা ৩০ মিনিটের সময় হাতে পাইয়া ২৩-০৯-২০১৩ তারিখে এত অল্প সময়ের মধ্যে শুনানীতে হাজির হইতে পারি নাই। শুনানীর সমনের ফেরৎ কপি যার প্রামাণ্য দলিল। আপনি আমার এই অনুপস্থিতির সুযোগে মাননীয় তথ্য কমিশনের সামনে সত্য পাঠ করিয়া মিথ্যা বক্তব্য দিয়েছেন যে, আপনি আমাকে আমার প্রার্থিত তথ্য প্রদান করেছেন। যাহা তথ্য অধিকার আইনের ২৭(১)(ক)(খ)(গ) ও (ঘ) উপধারা মতে অসত্য, বিকৃত ও বিব্রতকর।
- সেহেতু আমি আপনার নিকট জানতে চাই যে, আপনি আমার প্রার্থিত তথ্য কত তারিখে প্রদান করেছেন তার স্মারক নং কত এবং কত তারিখের কত নম্বর রেজিস্ট্রি রশিদমূলে প্রেরণ করেছেন? তার সঠিক ও সুস্পষ্ট তথ্য পেতে চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২০-০১-২০১৪ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৫-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয়। ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হাকিম গরহাজির। প্রতিপক্ষ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মোমেনা খাতুন হাজির।

০৬। অভিযোগকারী বার বার শুনানীতে গরহাজির থাকায় প্রতীয়মান হয় যে, তিনি তথ্য প্রাপ্তির ব্যাপারে আগ্রহী নন এবং প্রতিপক্ষকে হয়রানির আশ্রয় গ্রহণ করেছেন।

### পর্যালোচনা।

যেহেতু, অভিযোগকারী ইতিমধ্যে পর পর ০২ (দুই) তারিখ শুনানীতে গরহাজির থেকেছেন, সেহেতু, অভিযোগকারী তথ্য পেতে আগ্রহী নন মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী অদ্যসহ পর পর ০২ (দুই) তারিখ শুনানীতে গরহাজির থেকেছেন, সেহেতু, অভিযোগকারী তথ্য পেতে আগ্রহী না হওয়ায় অভিযোগটি খারিজপূর্বক নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার